১৩২

তারিখ ..15.MAY 1997....
পৃষ্ঠা ...১... কলাম ...৬...

দৈনিক সংবাদ

এইচএসসি

# সুষ্ঠুভাবে পরীক্ষা নিতে না পারলে কেন্দ্র ও শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা

( নিজস্ব বার্তা পরিবেশক )

চলতি এইচএসসি পরীক্ষায় যেসব কেন্দ্র সুষ্ঠুভাবে পরীক্ষা নিতে ব্যর্থ হচ্ছে সেসব কেন্দ্রের বিরুদ্ধে ব্যবস্থা নেবে শিক্ষা মন্ত্রণালয়। কোন্ কোন্ কেন্দ্রে নকল প্রবণতা রয়েছে, সুষ্ঠুভাবে পরীক্ষা হচ্ছে না তার তালিকা প্রস্তুত করা হচ্ছে। এ ব্যাপারে প্রত্যেক জেলা প্রশাসককে দায়িত্ব দেয়া হয়েছে। তারা স্ব-স্ব জেলার পরীক্ষা কেন্দ্রগুলো সম্পর্কে রিপোর্ট প্রদান করবেন। এইচএসসি পরীক্ষা শেষ হওয়ার পর

পরীক্ষা : পৃঃ ৭ কঃ ৬.

## পরীক্ষা : ব্যবস্থা

( ১ম পৃষ্ঠার পর )

সংশ্লিষ্ট কেন্দ্রগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেবে মন্ত্রণালয়। নকলের দায়ে অভিযুক্ত কেন্দ্রগুলোর শিক্ষক, পরিদর্শক ও কলেজ অধ্যক্ষ এই ব্যবস্থার শিকার হবেন।

সরকারি কলেজের কোন শিক্ষক বা সরকারি কর্মকর্তার বিরুদ্ধে পরীক্ষা গ্রহণে অসাধুতার আশ্রয় নিয়েছেন এরকম প্রমাণ পাওয়া গেলে তাকে সাসপেণ্ড করা হবে এবং বেসরকারি কলেজের শিক্ষকদের সরকারি ভাতা বন্ধ করে দেয়া হবে। যেসব কেন্দ্রে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে, শিক্ষক-পরিদর্শকরা নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করবেন তাদের মন্ত্রণালয় থেকে পুরস্কারের ব্যবস্থা থাকবে।

মন্ত্রণালয়ের এক সূত্র জানায়, পরীক্ষা গ্রহণে অসাধুতার আশ্রয় নেয়ায় ইতোমধ্যে কুমিল্লার চোয়ারা আদর্শ ডিগ্রি কলেজ ও চৌদ্দগ্রাম সরকারি কলেজের অধ্যক্ষকে সাসপেণ্ড করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ইংরেজি প্রথম পত্র পরীক্ষায় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক আকস্মিকভাবে এই দু'পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে পরীক্ষা ব্যবস্থা সম্পর্কে অসন্তোষ প্রকাশ করেন।

মন্ত্রণালয় সূত্র জানায়, এইচএসসি পরীক্ষার পর দু'টি তালিকা প্রস্তুত করা হবে। একটি হচ্ছে কোন্ কোন্ কেন্দ্রে পরীক্ষা ত্রুটিপূর্ণ হয়েছে, শিক্ষক-পরিদর্শকরা নকল করতে পরীক্ষার্থীদের সহায়তা করেছেন তাদের এবং যারা সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার জন্যে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন তাদের।

দেশের পরীক্ষা ব্যবস্থা সুষ্ঠু করার লক্ষ্যে এই তিরস্কার ও পুরস্কারের ব্যবস্থা নেয়া হয়েছে বলে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে।